



বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি)
বিএসএল অফিস কমপ্লেক্স- ২ (৩য় তলা)
১ মিন্টো রোড, রমনা, ঢাকা-১০০০
www.bac.gov.bd

২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)- এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizens Charter) বিষয়ক কর্মশালার প্রতিবেদন

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২২-২৩-এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizens Charter) বাস্তবায়ন কর্মপরিকল্পনা [২.১] নং অনুচ্ছেদ অনুসারে গত ২১ মে ২০২৩ খ্রি. তারিখ রবিবার সকাল ০৯.০০ টা থেকে দিনব্যাপী কাউন্সিলের সম্মেলন কক্ষে একটি কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালাটি উদ্বোধন করেন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের চেয়ারম্যান প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ। কর্মশালা উদ্বোধনে উপস্থিত ছিলেন কাউন্সিলের সকল পূর্ণকালীন সদস্য। এছাড়া কর্মশালায় অংশগ্রহণ করেন কাউন্সিলের সচিব, পরিচালকবৃন্দ, অন্যান্য কর্মকর্তা ও কর্মচারী (উপস্থিতিপত্র সংযুক্ত-১)। এই কর্মশালায় রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন জনাব কাজী ফররুখ আহমদ, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়, অডিট ভবন, ঢাকা।


কর্মশালা প্রস্তুত কমিটি:

- ১। জনাব গৌতম চন্দ্র রায়, পরিচালক (অর্থ, পরিকল্পনা ও আইসিটি), বিএসি ও সভাপতি (সংশ্লিষ্ট কমিটি)
- ২। জনাব ড. ফারজানা শারমিন, উপপরিচালক (বহিঃ সম্পর্ক, গবেষণা, মানদণ্ড ও প্রকাশনা), বিএসি ও ফোকাল পয়েন্ট (সংশ্লিষ্ট কমিটি)
- ৩। জনাব স্নিগ্ধা বাউল, উপপরিচালক ও একান্ত সচিব (চেয়ারম্যানের দপ্তর), বিএসি ও বিকল্প ফোকাল পয়েন্ট (সংশ্লিষ্ট কমিটি)
- ৪। জনাব ড. রীতা পারভীন, উপপরিচালক (অ্যাক্রেডিটেশন), বিএসি ও সদস্য (সংশ্লিষ্ট কমিটি)
- ৫। জনাব মেহেদী হাসান, সহকারী পরিচালক (কাউন্সিল ও প্রশাসন), বিএসি ও সদস্য (সংশ্লিষ্ট কমিটি)
- ৬। জনাব আশরাফুল হাসান নাজির, সহকারী পরিচালক (অর্থ, পরিকল্পনা ও আইসিটি), বিএসি ও সদস্য (সংশ্লিষ্ট কমিটি)

কর্মশালা উদ্বোধনে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের চেয়ারম্যান প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ সকলকে ধন্যবাদ জানিয়ে তাঁর বক্তব্য শুরু করেন। এ প্রসঙ্গে তিনি বলেন যে, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল তার সিটিজেনস্ চার্টার-এ বর্ণিত বিভিন্ন খরনের সেবা প্রদান করে যাচ্ছেন। তিনি বলেন যে, সিটিজেনস্ চার্টার বাস্তবায়ন কর্মপরিকল্পনা প্রতিটি প্রতিষ্ঠানের জন্য অতীব জরুরি।

কর্মশালায় আগত রিসোর্স পারসন জনাব কাজী ফররুখ আহমদ, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়, অডিট ভবন, ঢাকা; অডিট ব্যবস্থাপনা বিষয়ে বিশেষ গুরুত্ব দিয়ে কর্মশালাটি পরিচালনা করেন। বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল তার সেবা প্রদান প্রতিশ্রুতিতে আর্থিক ব্যবস্থাপনায় কিভাবে সর্বোচ্চ সেবা প্রদান করতে পারে সে বিষয়ে গুরুত্বপূর্ণ আলোচনা করেন।

কর্মশালায় বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের পূর্ণকালীন সদস্য ড. গোলাম শাহি আলম; প্রফেসর ড. এস এম কবির বিশেষ বক্তব্য রাখেন।



ড. গোলাম শাহি আলম

র‍্যাপোর্টিয়ার—

তারিখ: ১৮ জুন ২০২৩ খ্রি.

- ১। জনাব ড. ফারজানা শারমিন, উপপরিচালক (বহিঃ সম্পর্ক, গবেষণা, মানদণ্ড ও প্রকাশনা)), বিএসি ও ফোকাল পয়েন্ট (সংশ্লিষ্ট কমিটি)
- ২। জনাব স্নিগ্ধা বাউল, উপপরিচালক ও একান্ত সচিব (চেয়ারম্যানের দপ্তর), বিএসি ও বিকল্প ফোকাল পয়েন্ট (সংশ্লিষ্ট কমিটি)